

জীবন যখন শুকায়ে যায়



আসির আহবাব নৈঋত - মাত্র ২ বছর ৭ মাসের এ প্রাণোচ্ছল শিশুটির মস্তিষ্কে একদিন হঠাৎ করেই ধরা পড়ে জটিল টিউমার। সিঙ্গাপুরের গ্লেনেগলস হাসপাতালে পর পর পাঁচটি অস্ত্রপচারের পর টিউমারটি অপসারণ করা সম্ভব হয়েছে। অস্ত্রপচারের পর নৈঋতের জ্ঞান ফিরে এলেও তার বা-পাশ প্রায় পুরোপুরি অবশ এবং দৃষ্টিশক্তি এখনো ফিরে আসেনি। সিঙ্গাপুরের ডাক্তাররা বলেছেন, নৈঋতের সেরে উঠতে সময় লাগবে এবং এ জন্য কেমোথেরাপিসহ নিয়মিত চিকিৎসা চালিয়ে যেতে হবে। বিশেষজ্ঞ ডাক্তাররা বলেছেন, তার সুস্থ হওয়ার সম্ভাবনা শতকরা ৯৫ ভাগ - তবে তা অত্যন্ত ব্যয়বহুল।

নৈঋতের বাবা-মা প্রাণান্তকর চেষ্টা চালিয়ে যাচ্ছেন চিকিৎসার এই টাকা জোগাড় করার জন্য। চিকিৎসার জন্য এ পর্যন্ত নৈঋতের বাবা-মার খরচ হয়েছে প্রায় ৭০ লক্ষ টাকা। নিজেদের যা কিছু সহায়-সম্পত্তি ছিল তা বিক্রি করে এবং আত্মীয়-স্বজন ও শুভানুধ্যায়ীদের দানে এ টাকা জোগাড় করা হয়েছিল। সিঙ্গাপুরের বিশেষজ্ঞ ডাক্তারদের দেওয়া হিসেব অনুযায়ী, নৈঋতের চিকিৎসার জন্য আরও ৫৫ লক্ষ টাকা প্রয়োজন।

বাংলাদেশের খবরের কাগজে খবরটি পড়ার পর মনে হয়েছে - আমাদেরও কিছু করণীয় রয়েছে নৈঋতকে বাঁচিয়ে তুলতে, এই বিপদে ওর বাবা-মার পাশে গিয়ে দাড়াতে। মানুষ তো মানুষেরই জন্য। আমাদের সামান্য প্রচেষ্টা আর সহানুভূতিতে ওরা পেতেই পারে।

নৈঋতের সাহায্যার্থে প্রতিটি আয়োজন করেছে এক ব্যতিক্রমধর্মী সাংস্কৃতিক অনুষ্ঠান। আগামী ১০ই নভেম্বর, শুক্রবার সন্ধ্যা ৭:৪৫ মিনিটে কোয়েকাস হিল কমিউনিটি সেন্টার মিলনায়তনে। এতে থাকছে কলিন বেরিম্যান এর সেতারবাদন এবং সিরাজুস সালেকিন এর একক সঙ্গীত পরিবেশনা।



কলিন বেরিম্যান



সিরাজুস সালেকিন

অনুষ্ঠানে প্রবেশ মূল্য মাত্র পাঁচ ডলার (সর্বনিম্ন)। তবে আপনার যে কোন রকম দান আমরা সাদরে গ্রহণ করবো। এ ছাড়া নানা-রকম মুখরুচক খাবারের ব্যবস্থা থাকবে। আপনাদের অনুদান ও খাবার বিক্রয়লব্ব সব অর্থই নৈঋতের বাবা-মা-কে আমরা পাঠিয়ে দেব।

আমরা যারা প্রবাসী বাঙালি, আমাদেরও দায়িত্ব থেকে যায় এইসব অসহায় বাবা-মা ও শিশুদের পাশে গিয়ে দাড়ানোর, সাধ্যমত ওদের সাহায্য করার। সেই দায়িত্ববোধ থেকেই প্রতীতি আপনাদেরকে আমন্ত্রণ জানাচ্ছে। আসুন, আমরা নৈঋতকে বাঁচিয়ে তুলি, ওর বাবা-মা-র পাশে গিয়ে দাড়াই।

আমন্ত্রণপত্রের জন্য যোগাযোগ করুন:

সিরাজুস সালেকিন: ০৪২১ ০৪০৫৪০, ৯৮৩৭ ১০২৯

নাজমুল খান: ৯৮২৯ ৭৪৭৮ কবিতা পারভেজ: ৮৮২৪ ৪৭১৪

নিহারিকা ফিরোজ: ৯৯৮০ ৭৭৫৩ নিলুফার মাহবুব: ৯৬৭৪ ৬০৫৩

সোমা: ৮৮১২ ২৬৮৪, ০৪০৩ ৩৯০ ০০২

